# লজ্জাস্থান হেফাজত করা এবং লজ্জাস্থান ঢেকে রাখা সম্পর্কে কোরআন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে "**লজ্জাস্থান হেফাজত করা এবং লজ্জাস্থান ঢেকে রাখা সম্পর্কে কোরআন**"।

**পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে:**

**১। তারপর শয়তান অস্ অসা দিল তাদের দুইজনকে (আদম ও হাওয়াকে) যাতে করে তাদের লজ্জাস্থান যা গোপন রাখা হয়েছিল তাদের কাছে, তা তাদের জন্য প্রকাশ হয়ে পড়ে।**

فَوَسْوَسَ لَهُمَا اَلشَّيْطَانُ لِيُبْدِىَ لَهُمَا مَا وُورِىَ عَنْهُمَا مِن سَوْءَاتِهِمَا ﴿٢٠﴾

অতঃপর তাহাদের লজ্জাস্থান, যাহা তাহাদের নিকট গোপন রাখা হইয়াছিল তাহা তাহাদের কাছে প্রকাশ করিবার জন্য শয়তান তাহাদেরকে কুমন্ত্রণা দিল । সূরা আল আ'রাফ ৭ঃ ২০

**২। যখন তারা সেই গাছের (ফল) আস্বাদন করল, তখন তাদের লজ্জাস্থান তাদের কাছে প্রকাশ হয়ে পড়লো এবং জান্নাতের পাতা দিয়ে তারা নিজেদের ঢেকে নিতে থাকলো।**

فَلَمَّاذَاقَااَلشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْءَاتُهُمَا وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِن وَرَقِ اَلْجَنَّةِ ﴿٢٢﴾

তৎপর যখন তাহারা সেই বৃক্ষ- ফলের আস্বাদ গ্রহণ করিল, তখন তাহাদের লজ্জাস্থান তাহাদের নিকট প্রকাশ হইয়া পড়িল এবং তাহারা জান্নাতের পাতা দ্বারা নিজেদেরকে আবৃত করিতে লাগিল । সূরা আল আ'রাফ ৭ঃ ২২

**৩। হে আদমসন্তান! আমরা তোমাদের জন্য এক ধরনের পোষাক নাযিল করেছি তোমাদের লজ্জাস্থান ঢাকার জন্য আচ্ছাদন হিসাবে।**

يَابَنِيَ آدَمَ قَدْ أَنزَلْنَا عَلَيْكُمْ لِبَاساً يُوَارِى سَوْءَاتِكُمْ وَرِيشاً وَلِبَاسُ اَلتَّقْوَىٰ ذَٰلِكَ خَيْرٌ ذَٰلِكَ مِنْ آيَاتِ اَللهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُونَ ﴿٢٦﴾



To learn more click here

হে বনী আদম! তোমাদের লজ্জাস্থান ঢাকিবার ও বেশ-ভূষার জন্য আমি তোমাদেরকে পরিচ্ছদ দিয়াছি এবং তাক্‌ওয়ার পরিচ্ছদ, ইহাই সর্বোৎকৃষ্ট। ইহা আল্লাহ্‌র নিদর্শনসমূহের অন্যতম, যাহাতে তাহারা উপদেশ গ্রহণ করে। সূরা আল আ'রাফ ৭ঃ ২৬

**৪। সে (শয়তান) তাদেরকে (আদম ও হাওয়া) তাদের লজ্জাস্থান দেখাবার জন্যে তাদের লেবাস খসিয়ে দিয়েছিলো।**

يَنْزِعُ عَنْهُمَا لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا سَوْءَاتِهِمَآ ﴿٢٧﴾

তাহাদেরকে তাহাদের লজ্জাস্থান দেখাইবার জন্য বিবস্ত্র করিয়াছিল। সূরা আল আ'রাফ ৭ঃ ২৭

**৫। হে আদম সন্তান! প্রত্যেক মসজিদে (সালাতের) সময় তোমরা তোমাদের সুন্দর পোশাক পড়বে।**

يَابَنِيٓ آدَمَ خُذُوا۟ زِينَتَكُمْ عِندَكُلِّ مَسْجِدٍ ﴿٣١﴾

হে বনী আদম ! প্রত্যেক সালাতের সময় তোমরা সুন্দর পরিচ্ছদ পরিধান করিবে, সূরা আল আ'রাফ ৭ঃ ৩১

**৬। (মুমিন পুরুষ ও নারীর গুণাবলীর একটি) যারা নিজেদের যৌন জীবনকে করে হেফাজত।**

وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ ﴿٥﴾

যাহারা নিজেদের যৌন অঙ্গকে সংযত রাখে, সূরা মু'মিনুন ২৩ঃ ৫

**৭। হে নবী! মু'মিন পুরুষদের বলো: তারা যেনো (নারীদের থেকে) নিজেদের দৃষ্টি সংযত রাখে এবং হেফাজত করে নিজেদের যৌন জীবনকে।**

قُلْ لِّلْمُؤْمِنِينَ يَغُضُّوا۟ مِنْ أَبْصَارِهِمْ وَيَحْفَظُوا۟ فُرُوجَهُمْ ذَٰلِكَ أَزْكَىٰ لَهُمْ إِنَّ اَللَّهَ خَبِيرٌۢ بِمَا يَصْنَعُونَ ﴿٣٠﴾



To learn more click here

মু'মিনদেরকে বল, তাহারা যেন তাহাদের দৃষ্টিকে সংযত করে এবং তাহাদের লজ্জাস্থানের হিফাযত করে; ইহাই তাহাদের জন্য উত্তম । উহারা যাহা করে নিশ্চয় আলাহ্ সে বিষয়ে সম্যক অবহিত । সূরা আন নূর ২৪ঃ ৩০

**৮। আর মু’মিন নারীদের বলো, তারা যেনো (পুরুষদের থেকে) নিজেদের দৃষ্টি সংযত রাখে এবং হেফাজত করে নিজেদের যৌন জীবন।**

وَقُل لِّلْمُؤْمِنَاتِ يَغْضُضْنَ مِنْ أَبْصَارِهِنَّ وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ وَلاَ يُبْدِينَ زِينَتَهُنَّ إِلاَّ مَا ظَهَرَ مِنْهَا وَلْيَضْرِبْنَ بِخُمُرِهِنَّ عَلَىٰ جُيُوبِهِنَّ وَلاَ يُبْدِينَ زِينَتَهُنَّ إِلاَّ لِبُعُولَتِهِنَّ أَوْ آبَآئِهِنَّ أَوْ آبَآءِ بُعُولَتِهِنَّ أَوْ أَبْنَآئِهِنَّ أَوْ أَبْنَآءِ بُعُولَتِهِنَّ أَوْ إِخْوَانِهِنَّ أَوْ بَنِيۤ إِخْوَانِهِنَّ أَوْ بَنِى أَخَوَاتِهِنَّ أَوْ نِسَآئِهِنَّ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُنَّ أَوِ ٱلتَّابِعِينَ غَيْرِ أُوْلِى ٱلإِرْبَةِ مِنَ ٱلرِّجَالِ أَوِ ٱلطِّفْلِ ٱلَّذِينَ لَمْ يَظْهَرُواْ عَلَىٰ عَوْرَاتِ ٱلنِّسَآءِ وَلاَ يَضْرِبْنَ بِأَرْجُلِهِنَّ لِيُعْلَمَ مَا يُخْفِينَ مِن زِينَتِهِنَّ وَتُوبُوۤاْ إِلَى ٱللَّهِ جَمِيعاً أَيُّهَا ٱلْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿٣١﴾

আর মু'মিন নারীদেরকে বল, তাহারা যেন তাহাদের দৃষ্টিকে সংযত করে ও তাহাদের লজ্জাস্থানের হিফাযত করে; তাহারা যেন যাহা সাধারণত প্রকাশ থাকে তাহা ব্যতীত তাহাদের আভরণ প্রদর্শন না করে, তাহাদের গ্রীবা ও বক্ষদেশ যেন মাথার কাপড় দ্বারা আবৃত করে, তাহারা যেন তাহাদের স্বামী, পিতা, শ্বশুর, পুত্র, স্বামীর পুত্র, ভ্রাতা, ভ্রাতুষ্পুত্র, বোনপুত্র, আপন নারীগণ, তাহাদের মালিকানাধীন দাসী, পুরুষদের মধ্যে যৌন কামনা-রহিত পুরুষ এবং নারীদের গোপন অঙ্গ সম্বন্ধে অজ্ঞ বালক ব্যতীত কাহারও নিকট তাহাদের আভরণ প্রকাশ না করে, তাহারা যেন তাহাদের গোপন আভরণ প্রকাশের উদ্দেশ্যে সজোরে পদক্ষেপ না করে । হে মু'মিনগণ! তোমরা সকলে আলাহ্র দিকে প্রত্যাবর্তন কর, যাহাতে তোমরা সফলকাম হইতে পার । সূরা আন নূর ২৪ঃ ৩১

**৯। আল্লাহ এই আয়াতে বর্ণিত গুণসম্পন্ন পুরুষ ও নারীদের জন্যেই প্রস্তুত রেখেছেন মাগফেরাত ও শ্রেষ্ঠ প্রতিদান। এ গুণ গুলোর মধ্যে রয়েছে যৌনাঙ্গ হেফাজতকারী পুরুষ ও যৌনাঙ্গ হেফাজতকারী নারী।**



To learn more click here

إِنَّ ٱلْمُسْلِمِينَ وَٱلْمُسْلِمَاتِ وَٱلْمُؤْمِنِينَ وَٱلْمُؤْمِنَاتِ وَٱلْقَانِتِينَ وَٱلْقَانِتَاتِ وَٱلصَّادِقِينَ وَٱلصَّادِقَاتِ وَٱلصَّابِرِينَ وَٱلصَّابِرَاتِ وَٱلْخَاشِعِينَ وَٱلْخَاشِعَاتِ وَٱلْمُتَصَدِّقِينَ وَٱلْمُتَصَدِّقَاتِ وٱلصَّائِمِينَ وَٱلصَّائِمَاتِ وَٱلْحَافِظِينَ فُرُوجَهُمْ وَٱلْحَافِظَاتِ وَٱلذَّاكِرِينَ ٱللَّهَ كَثِيراً وَٱلذَّاكِرَاتِ أَعَدَّ ٱللَّهُ لَهُم مَّغْفِرَةً وَأَجْراً عَظِيماً ﴿٣٥﴾

অবশ্যই আত্মসমর্পণকারী পুরুষ ও আত্মসমর্পণকারী নারী, মু'মিন পুরুষ ও মু'মিন নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, সাওম পালনকারী পুরুষ ও সাওম পালনকারী নারী, যৌন অংগ হিফাযতকারী পুরুষ ও যৌন অংগ হিফাযতকারী নারী, আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও অধিক স্মরণকারী নারী-ইহাদের জন্য আলাহ্‌ রাখিয়াছেন ক্ষমা ও মহা প্রতিদান । সূরা আল আহযাব ৩৩ঃ ৩৫

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! সমাজে অনাচার সৃষ্টির অন্যতম কারণ হলো লজ্জাস্থান হেফাজত না করা। ধর্ষকরা লজ্জাস্থান অনাবৃত করেই পাপ কাজে লিপ্ত হয়। পুরুষ, মহিলা সকলেরই উচিত লজ্জাস্থান ভালভাবে আবৃত করে রাখা এবং লজ্জাস্থানের হেফাজত করা। অবৈধ পন্থায় জৈবিক চাহিদা পূরণের (জ্বেনার) কাজে লিপ্ত না হওয়া।

হে আল্লাহ, সব ধরনের অপকর্ম থেকে আমাদেরকে মুক্ত রাখুন। আমাদেরকে ক্ষমা করুন, আমরা তওবা করে আপনার পথে ফিরে আসার তৌফিক দিন। দুনিয়া ও আখেরাতে আমাদের কল্যাণ দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।



To learn more click here